

Mohammed Mizanur Rahman

Director General
(Additional Secretary)

Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning



মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়


উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৫০৫.৯৯.০২৮.২৩. ৬৬৮

তারিখ: ১৮.০৩.২০২৪ খ্রি.

আপনি নিশ্চয় অবগত আছেন যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তাধারার ফলশ্রুতিতে ও তাঁর দিক-নির্দেশনায় ১৯৭৪ সালে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস কে একীভূত করে সৃষ্টি করা হয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। পরিকল্পনা মন্ত্রণালয়ধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত ‘ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিস্টিকস ইন বিবিএস’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় Survey on Women’s Status 2024 এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য সারাদেশ হতে নির্বাচিত ১৪৪০টি গণনা এলাকায় (PSU) জরিপ কার্যক্রম ১৮ মার্চ ২০২৪ হতে ১৮ জুন ২০২৪ খ্রি. সময়ে সারাদেশে অনুষ্ঠিত হচ্ছে।

০২। কর্মপরিকল্পনা অনুযায়ী ইতোমধ্যে জরিপের ম্যাপিং এবং পিএসইউ এলাকা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী সকল জেলা, উপজেলা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে গণনাকারীগণ তাঁদের জন্য নির্ধারিত এলাকায় তথ্য সংগ্রহ করবেন। ১৮ মার্চ ২০২৪ হতে ১৮ জুন ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৯০ (নব্বই) দিনব্যাপী এই জরিপ কার্যক্রম পরিচালনা করা হবে। বিবিএস-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের স্ব স্ব কর্ম এলাকায় গমনপূর্বক তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনে যোগাযোগ করবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত ‘ইন্টিগ্রেটিং জিওস্পেসিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার অ্যান্ড ভাইটাল স্ট্যাটিস্টিকস ইন বিবিএস’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় Survey on Women’s Status 2024 এর মাঠপর্যায়ের কার্যক্রমসমূহ সঠিক ও যথাযথভাবে পরিচালনার নিমিত্ত আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।



মোহাম্মদ মিজানুর রহমান
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

☎: ০২-৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

উপজেলা নির্বাহী কর্মকর্তা

.....

.....

.....